**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 JULY 2025** **7:35AM**

==========================================================================

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পে দুগ্ধ সরবরাহ করা গো-পালকদের ভর্তুকি প্রদান কার্যসূচী গতকাল শুরু করেছেন । দুগ্ধ প্রক্রিয়াকরণ প্রকল্পে দুগ্ধ সরবরাহ করা গো-পালকদের ভর্তুকি প্রদানের এই প্রকল্পের প্রথম পর্যায়ে ৫৪২ টি দুগ্ধ সমবায় সমিতি এবং ১৯ হাজার ৩০ জন দুগ্ধ উৎপাদক উপকৃত হবেন । রাজ্য সরকার দুগ্ধ ক্ষেত্রের উন্নয়নের জন্য বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছে । আসাম দুগ্ধ উন্নয়ন পরিকল্পনার অধীনে দৈনিক ১০ লক্ষ লিটার দুগ্ধ প্রক্রিয়াকরণের জন্য রাজ্য সরকার এবং জাতীয় দুগ্ধ উন্নয়ন পর্ষদের যৌথ অংশীদারিত্বে এন ই ডি এফ এল নামের একটি কোম্পানীর পঞ্জীয়ন করা হয়েছে । যোরহাট ও ডিব্রুগড়ে প্রতিদিন এক লক্ষ লিটার এবং ধেমাজীতে প্রতিদিন ৫০ হাজার লিটারের তিনটি বৃহৎ দুগ্ধ প্রক্রিয়াকরণ স্থাপনের জন্য এই প্রতিষ্ঠানটিকে জমি ও প্রারম্ভিক কাজকর্মের জন্য তিন কোটি টাকার বরাদ্দ দেওয়া হয়েছে ।

গুয়াহাটীর পাঞ্জাবাড়ীর শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ও সমবায় মন্ত্রী যোগেন মোহন উপস্থিত ছিলেন ।

---

বিচারপতি আশুতোষ কুমার আজ গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি হিসেবে শপথগ্রহণ করবেন । রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য আজ সকাল ১০ টায় গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন । কেন্দ্রীয় সরকার গত ১৪ই জুলাই পাটনা হাইর্কোটের বিচারপতি আশুতোষ কুমারকে গৌহাটী হাইকোর্টের মূখ্য বিচারপতি হিসেবে নিযুক্তি দিয়েছিলো ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পর্কিত বিষয়ে একাংশ অসাধু ব্যাক্তি ভূয়ো প্রতিশ্রুতি দিয়ে ছাত্র ছাত্রীদের প্রতারনা করছে বলে জানার পর আসাম বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এক্ষেত্রে কঠোর স্থিতি গ্রহণ করেছে । বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ড: প্রদোষ কিরণ নাথ সরকারী বিজ্ঞপ্তী জারি করে বলেছেন একাংশ অসাধু ব্যাক্তি সি ইউ ই টিতে কম নম্বর পাওয়া ছাত্র ছাত্রীদের থেকে অর্থ নিয়ে বিশ্ববিদ্যালয়ে সহজে ভর্তি করে দেওয়ার ভূয়ো প্রতিশ্রুতি দিচ্ছে । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে আসাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুধু মেধার ভিত্তিতে হয় । ভর্তি সম্পর্কিত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ডব্লু ডব্লু ডব্লু . এ ইউ এস . এ সি . ইন দেখতে বলা হয়েছে ।

এদিকে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এধরণের অসাধু কাজে জড়িত ব্যাক্তিদের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে ।

---

আজ ভাষা শহীদ দিবস । বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে আজ ভাষা শহীদ জগন-যীশুকে স্মরন করা হচ্ছে । বরাক উপত্যকা

বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে ইতিমধ্যে ভাষা শহীদদের স্মরন করতে গত ১৯শে জুলাই থেকে তিনদিনের কার্য্যসূচী পালন করা হচ্ছে । গতকাল সন্ধ্যায় শ্রীভূমি শহরে ভাষা শহীদদের স্মরনে পদযাত্রার আয়োজন করা হয় ।

উল্লেখ্য ১৯৮৬ সালের ২১শে জুলাই মাতৃভাষা বাংলা রক্ষার জন্য তৎকালীন করিমগঞ্জ শহরে প্রাণ দিয়েছিলেন দিবেন্দু দাস ,যীশু ও জগন্ময় দেব , জগন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতি ও সোনাবাড়ীঘাট আঞ্চলিক সমিতির যৌথ উদ্যোগে গতকাল সোনাবাড়ীঘাটে বিশিষ্ট সাংবাদিক তথা বরাক বঙ্গের প্রতিষ্ঠাতা সদস্য তাজ উদ্দিন বড়ভুইয়ার প্রথম মৃত্যু বার্ষিকীতে তাঁকে স্মরণ করা হয় । আঞ্চলিক সমিতির সভাপতি মজনুল হক মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রয়াত তাজ উদ্দিন বড়ভুইয়ার রাজনৈতিক , সাংবাদিকতা ও সংগ্রামী জীবনের বিভিন্ন দিক নিয়ে বরাক বঙ্গের কেন্দ্রীয় সমিতির সহ-সভাপতি মিলন উদ্দিন লস্কর , প্রাক্তন অধ্যক্ষ আইনুল হক মজুমদার , কেন্দ্রীয় সমিতির কার্য্যলয় সম্পাদক পরিতোষ দে , সোনাই মাধব চন্দ্র দাস কলেজের উপাধ্যক্ষ আব্দুল মতিন লস্কর প্রমূখ বক্তব্য রাখেন ।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স লক্ষীপুর ও রামকৃষ্ণ সেবাশ্রম সংঘ লক্ষ্মীপুরের ব্যবস্থাপনায় আজ রামকৃষ্ণ সংঘ প্রাঙ্গণে বিনামূল্যে

চোখের ছানি শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে, শিবিরটি সকাল ১০ তায় শুরু হবে।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব খেলবে আর ইউ বি ক্লাবের বিরুদ্ধে।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় রাইজিং ক্লাব ২ - ১ গোলে এভারেষ্ট ক্লাবকে পরাজিত করে।

---

হাইলাকান্দি জেলায় গতকাল থেকে আর জি বরুয়া অর্নুধ-১৬ আন্ত-জেলা ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিনাঞ্চলের খেলা শুরু হয়েছে। হাইলাকান্দি শহরের নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় লক্ষীপুর দল খেলে ডিমা হাসাও জেলা দলের বিরুদ্ধে। প্রথমে ব্যাট করে ডিমা হাসাও দল আট উইকেট হারিয়ে ৩০ রান করতে সক্ষম হয়। আউট ফিল্ড ভেজা থাকায় বিকেল সাড়ে তিনটা থেকে খেলা শুরু হয়। ডিমা হাসা ও -এর আকাশ দাস ১১ রান ও অস্মীম জহুরী ০ রানে ক্রিজে রয়েছেন।

---